

"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
প্রশাসন-২ শাখা



অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত সেপ্টেম্বর/২০২০ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি	ফরিদা পারভীন অতিরিক্ত সচিব (সচিবের রুটিন দায়িত্বে)
সভার তারিখ	২৪ সেপ্টেম্বর ২০২০
সভার সময়	দুপুর ১২.৩০ ঘটিকা
স্থান	ভার্চুয়াল পদ্ধতিতে।
উপস্থিতি	...

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করার জন্য অনুরোধ করেন। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২) সভাকে জানান, অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত আগস্ট/২০২০ মাসের প্রতিবেদন ১০/৯/২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। আগস্ট/২০২০ মাসে মন্ত্রণালয় এবং অধিনস্থ দপ্তর/সংস্থায় কোন অভিযোগ পাওয়া যায়নি। এছাড়া, মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থায় কোন অভিযোগ অনিষ্পন্ন নেই। সভাকে আরো জানানো হয়, প্রতিমাসের ১০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে জিআরএস প্রতিবেদন প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে। এ লক্ষ্যে দপ্তর/সংস্থাকে প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করতে বলা হয়েছে। প্রতিবেদন প্রেরণে কোন কোন দপ্তর/সংস্থা বিলম্ব করেন। এতে যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রতিবেদন প্রেরণে সমস্যা হয়। নির্ধারিত সময়ের পরে মন্ত্রিপরিষদ বিভাগে প্রতিবেদন প্রেরণ করা হলে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'তে নম্বর পাওয়া যাবে না। সভাপতি, প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ এবং প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তির জন্য উপস্থিত সবাইকে অনুরোধ করেন।

২। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- (ক) নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি করতে হবে।
(খ) প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ছকে মন্ত্রণালয়ে তথ্য প্রেরণ করতে হবে।

৩। আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ফরিদা পারভীন

অতিরিক্ত সচিব (সচিবের রুটিন দায়িত্বে)

স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০১৯.১৬.০২৫.২০.৩৭৭

তারিখ: ৯ আশ্বিন ১৪২৭

২৪ সেপ্টেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :


- ১) দপ্তর প্রধান (সকল দপ্তর/সংস্থা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
২) অতিরিক্ত সচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৩) যুগ্মসচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৪) উপসচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

৫) সিনিয়র সহকারী সচিব (সকল)/ সিনিয়র সহকারী প্রধান(সকল)/প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৬) সহকারী সচিব (সকল)/সহকারী প্রোগ্রামার/লাইব্রেরিয়ান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।



মোঃ মাসুদুর রহমান
সিনিয়র সহকারী সচিব